দৈনিক
জনকণ্ঠ

তাং 20 JAN 2016
পৃষ্ঠা ১৪ কলাম ৪

# শিক্ষকদের আন্দোলনে বাকৃবিতে সেশন জটের আশঙ্কা

বাকৃবি সংবাদদাতা ॥ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) শিক্ষকদের টানা কর্মবিরতিতে দীর্ঘমেয়াদী সেশনজটে পড়তে যাচ্ছে বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা। গত কয়েকদিনে শিক্ষকদের কর্মবিরতিতে ছয়টি অনুষদের বিভিন্ন বর্ষের অন্তত ২৮টি ফাইনাল পরীক্ষা স্থগিত করা হয়েছে। সেই সঙ্গে বন্ধ আছে শ্রেণী পরীক্ষাও, যে কারণে দীর্ঘমেয়াদী সেশনজটের আশঙ্কা করছে শিক্ষার্থীরা। পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা সূত্রে জানা যায়, শিক্ষকদের টানা আন্দোলনের কারণে স্থগিত করা হয়েছে ভেটেরিনারি অনুষদের প্রথম, দ্বিতীয় ও চতুর্থ বর্ষের ১১টি, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের প্রথম, দ্বিতীয় ও চতুর্থ বর্ষের পাঁচটি, পশুপালন অনুষদের প্রথম বর্ষের চারটি, মাৎস্যবিজ্ঞান অনুষদের প্রথম বর্ষের চারটি, কৃষি অনুষদের প্রথম বর্ষের দুটি এবং কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের প্রথম বর্ষের দুটি কোর্সের ফাইনাল পরীক্ষা মঙ্গলবার পর্যন্ত স্থগিত করা হয়েছে। মাস্টার্স, পিএইচডি শিক্ষার্থীদের পরীক্ষা এবং ডিফেন্সও বন্ধ রয়েছে। এছাড়াও ছয়টি অনুষদের কয়েকটি বর্ষের ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও শিক্ষকদের চলমান আন্দোলনের কারণে সেগুলো শুরু করা হয়নি এবং কয়েকটি পরীক্ষার সময়সূচী চূড়ান্ত করার কথা থাকলেও তা করা হয়নি। এ আন্দোলন দীর্ঘস্থায়ী হলে ছয়টি অনুষদের আরও কয়েকটি বর্ষের ফাইনাল পরীক্ষা পিছিয়ে যাওয়ার আশঙ্ক রয়েছে। ২০০৩ সাল থেকে সেমিস্টার প্রদ্ধতিতে পাঠদান শুরু হলে একযুগ কোন সেশনজটের সম্মুখীন হয়নি বাকৃবির শিক্ষার্থীরা। বিভিন্ন সময় বিভিন্ন ইস্যুতে আন্দোলন হলেও শিক্ষকদের আন্তরিকতায় কোন সেশনজটের সৃষ্টি হয়নি।

# উপজেলার দাবিতে দর্শনায় পাঁচ কিমি মানববন্ধন

সংবাদদাতা, দামুড়হুদা, চুয়াডাঙ্গা, ১৯ জানুয়ারি ॥ উপজেলার শিল্পনগরী দর্শনা পৌরসভাকে পূর্ণাঙ্গ উপজেলার দাবিতে চুয়াডাঙ্গা-কালীগঞ্জ মহাসড়ক দর্শনা বাসস্ট্যান্ড থেকে দর্শনা-মুজিবনগর সড়কের রামনগর পর্যন্ত ৫ কিলোমিটার রাস্তায় মানববন্ধন করেছে হাজার হাজার মানুষ। মঙ্গলবার বেলা ১১টায় দর্শনা পৌরশহরসহ কুড়ালগাছি, পারকৃষ্ণপুর-মদনা, বেগমপুর, তিতুদাহ, নেহালপুর ও গড়াইটুপি ইউনিয়নের হাজার হাজার নারী-পুরুষ, ছাত্র, শিক্ষক, নাট্যকর্মী, ব্যবসায়ীসহ এলাকার অংশগ্রহণ করে উপজেলা বাস্তবায়নের দাবি জানান। মানববন্ধনে অংশ নিয়ে বক্তব্যে স্থানীয় সংসদ সদস্য হাজী আলি আজগর টগর বলেন, 'দর্শনাকে 'উপজেলা করার দাবিটি আমাদের প্রাণের দাবি। আমাদের দাবি সম্পর্কে প্রধানমন্ত্রী অবগত আছেন। তার নির্দেশে দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রটি থানায় রূপান্তরের কাজ শুরু হয়েছে। খুব শীঘ্রই উপজেলা বাস্তবায়নও আমরা দেখতে পারব। মানববন্ধনে আরও বক্তব্য রাখেন জেলা পরিষদের প্রশাসক মাহফুজুর রহমান, জাসদের কেন্দ্রীয় দফতর সম্পাদক আনোয়ারুল ইসলাম বাবু, দর্শনা পৌরসভার নবনির্বাচিত মেয়র মতিয়ার রহমান, মেয়র মহিদুল ইসলাম, সিপিবির সভাপতি এ্যাডভোকেট শহিদুল প্রমুখ।